

## বিনয় মজুমদার

এখন বৈশাখ মাস মাঝে মাঝে প্রচণ্ড গরম  
যেমনটি কাল ছিল, বাড় হলো খুব,।  
অনেক অমৃত ফল বাবে বাবে গেল।  
একটি অমৃত ফল পাঠকের চোখের সম্মুখে  
তার ফলে বৃষ্টি হয়ে তাপমাত্রা খুব কমে গেল।  
সারারাত ঠাণ্ডা ছিল বিশেষত ভোরবেলা আজ।  
খুব মনোরম লাগে, সুন্দর নাতিশীতোষও ভোর।  
প্রাণীদের ইতিহাসে এ প্রকার আবহাওয়া মাঝে মাঝে আসে।  
আমি পৃথিবীতে বসে এইসব লক্ষ করে যাই।

